# হাদীস সম্ভার

## হাদিস নাম্বারঃ ২৮৭৪

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ রসূল (ﷺ) এর বংশধরের প্রতি শ্রদ্ধা রাখা এবং তাঁদের মাহাত্ম্যের বিবরণ

### আরবী

### বাংলা

(২৮৭৪) যায়দ বিন আরকাম (রাঃ) বলেন, বিদায়ী হজ্জে 'গাদীরে খুম' নামক জায়গায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছিলেন,

كَأَنِّي قَدْ دُعِيتُ فَأَجَبْتُ إِنِّي قَدْ تَرَكْتُ فِيكُمُ الثَّقَلَيْنِ أَحَدُهُمَا أَكْبَرُ مِنَ الآخَرِ : كِتَابُ اللهِ وَعِتْرَتِي أَهْلُ بَيْتِي فَانْظُرُوا كَيْفَ تَخْلُفُونِي فِيهِمَا فَإِنَّهُمَا لَنْ يَتَفَرَّقَا حَتَى يَرِدَا عَلَيَّ الْحَوْضَ

যেন আমি আহূত হয়েছি এবং সাড়া দিয়েছি। আমি তোমাদের মাঝে দু'টি ভারী জিনিস ছেড়ে যাচ্ছি, একটি অপরটি অপেক্ষা অধিক বড়; আল্লাহর কিতাব ও আমার বংশধর, আহলে বায়ত। সুতরাং খেয়াল রেখো, কীভাবে তাদের ব্যাপারে আমার প্রতিনিধিত্ব করবে। হওয়ে আমার কাছে না আসা পর্যন্ত উভয়ে পৃথক হবে না।

### ফুটনোট

(আহমাদ ১১১০৪, হাকেম ৪৫৭৬, সিঃ সহীহাহ ১৭৫০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ যায়দ ইবনু আরক্বাম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66622

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন